দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 30 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

# সন্ত্রাসী কার্যকলাপে লিপ্ত ছাত্রদের শাস্তি না দিলে বুয়েট শিক্ষকরা ক্লাস বর্জন করিবেন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ গতকাল (বৃহস্পতিবার) প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সাংবাদিক সম্মেলনে বুয়েটে ভাংচুর ও তান্ডবের সহিত জড়িত ছাত্রদের বিরুদ্ধে দৃষ্টান্তমূল... শাস্তি প্রদানের দাবী জানাইয়াছেন। ক... দেওয়ার পূর্বে এই শাস্তি ... শিক্ষকরা ক্লাস... প্রেসক্লাবে ... সম্মেলনে শি... বাস্তবায়নের দাবী ... টাকা ... টেলিফো... অভিভাব... করার পর... মাধ্যমে বি... রহিয়াছে ঃ সন্ত্রাসী কার্যকলাপে জড়িত চারজন ছাত্রকে চিরতরে বুয়েট হইতে বহিষ্কার করিতে হইবে । ইহার মধ্যে শিক্ষকদের হাতে ধৃত ছাত্র রবিন এবং

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## বুয়েট

(প্রথম পৃষ্ঠার পর)

পুলিশের হাতে ধৃত ৩ জন ছাত্র। ইহাছাড়া সন্ত্রাসী ছাত্র চিহ্নিতকরণে গঠিত তদন্ত কমিটির কাজ দ্রুত সম্পন্ন করিয়া দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান। গত ২৫ ও ২৬শে এপ্রিল সন্ত্রাসী ঘটনা চলাকালে পুলিশের রহস্যজনক নিষ্ক্রিয় ভূমিকার নিন্দা ও বিচারবিভাগীয় তদন্তের দাবী জানান হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক ডঃ হাসিব মোহাম্মদ আহসান। বক্তব্য রাখেন সভাপতি ডঃ মোঃ হোসেন আলী, প্রফেসর আলমগীর মুজিবুল হক, প্রফেসর ইমতিয়াজ হোসেন, প্রফেসর হাবিবুর রহমান, প্রফেসর রিজওয়ান খান প্রমুখ।

লিখিত বক্তব্যে বলা হয় ঃ জালিয়াতি করিয়া অন্যের হইয়া পরীক্ষা দেওয়ার অপরাধে একাডেমিক কাউন্সিল কর্তৃক বুয়েটের এক ছাত্র বহিষ্কারের প্রতিবাদে কিছুসংখ্যক উচ্ছৃংখল ছাত্র গত সোমবার রাত পৌনে ১২ টায় শিক্ষকদের ঢাকেশ্বরী আবাসিক এলাকায় আক্রমণ চালায়। তাহারা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ হাসিব ও একজন শিক্ষকের ছেলেকে মারাত্মকভাবে আহত করে। নিরাপত্তার অভাবে আবাসিক শিক্ষকদের ঘরে-ঘরে কান্নার রোল পড়িয়া যায়। শিক্ষকরা বার বার পুলিশের সাহায্য চাহিয়াও কোন সহায়তা পান নাই। পরে অনন্যোপায় হইয়া শিক্ষকরা সমবেতভাবে উচ্ছৃংখল ছাত্রদের প্রতিরোধের চেষ্টা করেন। প্রতিরোধের মুখে ছাত্ররা পিছু হটিয়া পালাইয়া যায়। এই সময় সন্ত্রাসী ছাত্র যন্ত্রকৌশল ২য় লেভেলের ছানাউল — হক — রবিনকে — শিক্ষকগণ হাতেনাতে ধরিয়া ফেলে। পরে ইউকসু ভিপি ও অন্যান্য নেতার মাধ্যমে উচ্ছৃংখল ছাত্ররা আটককৃত ছাত্রটির মুক্তি দাবী করে এবং হুমকি দেয় যে, তাহাকে না ছাড়িলে শিক্ষকদের জীবন আবার বিপন্ন হইবে। ছাত্রদের হুমকির মুখে শিক্ষকরা তাহাকে ছাড়িয়া দেয়। এত ঘটনার পরও পুলিশ প্রহরার ব্যবস্থা না হওয়ায় শিক্ষকরা পালা করিয়া সারারাত জাগিয়া আবাসিক এলাকা পাহারা দেন।

সাংবাদিক সম্মেলনে শিক্ষকরা বলেন ঃ বুয়েটের ঐতিহ্য আজ ভূলুণ্ঠিত। বুয়েটের ইতিহাসে এমন নজীরবিহীন তান্ডব আর হয় নাই। বুয়েটকে রক্ষা করুন। বুয়েটের বিরুদ্ধে এখন ষড়যন্ত্র শুরু হইয়াছে। আমাদের পরিত্রাণ দিন।